



বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

ময়মনসিংহ-২২০১

www.fri.gov.bd

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৮.০৫.০৯০.১৮-১৮৮

তারিখঃ ১৫.১০.২০১৮ইং

প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

দেশের মৎস্যসম্পদ উন্নয়নে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ইতোমধ্যে মৎস্যচাষ ও ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন প্রযুক্তি উদ্ভাবন করেছে। গবেষণালব্ধ এ সকল প্রযুক্তি ও ব্যবস্থাপনা পদ্ধতি সম্প্রসারণে ইনস্টিটিউট সরকারি ও বেসরকারি সম্প্রসারণ কর্মী, মৎস্যচাষী, হ্যাচারী মালিক, বেকার যুবক, গ্রামীণ নারী এবং উদ্যোক্তাদের জন্য সুসংগঠিত প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। এরই ধারাবাহিকতায় বর্তমান অর্থ বছরে ইনস্টিটিউটের অর্থায়নে ইনস্টিটিউটের সদর দপ্তর, ময়মনসিংহে ৩-৫ দিন মেয়াদে বিভিন্ন বিষয় যথা- উন্নত মৎস্য চাষ ব্যবস্থাপনা, হ্যাচারীতে রুই জাতীয় মাছের পোনা উৎপাদন ও নার্সারী ব্যবস্থাপনা, বিএফআরআই সুপার তেলাপিয়ার মনোসেব্র পোনা উৎপাদন ও হ্যাচারী ব্যবস্থাপনা, পাবদা, গুলশা, শিং, মাগুর ও কই মাছের উন্নত চাষ ব্যবস্থাপনা, মুজা চাষ ব্যবস্থাপনা, কুচিয়া চাষ, মাছের রোগ ও স্বাস্থ্য ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গকে মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ-২২০১ এই ঠিকানায় আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ)
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ
মোবাইলঃ ০১৭১১০৪৫৮৮৯
ই-মেইলঃ nurullahbfri@yahoo.com